গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পলাশবাড়ী, গাইবান্ধা
www.palashbari.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২৬৭.০০০.৪৬.০৬৩.২৪-৭১৯ (৩০)

তারিখ : ২৯ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

## দফাদার পদে পদোন্নতির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, পলাশবাড়ী উপজেলাধীন ১নং কিশোরগাড়ী ইউনিয়ন পরিষদে ১ (এক)টি এবং ৮নং মনোহরপুর ইউনিয়ন পরিষদের ১ (এক)টি করে মোট ২ (দুই)টি দফাদারের শুন্য পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার ( ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা,২০১৫ এর বিধি ৫(১) উপ-বিধিমতে সংশ্লিষ্ট ইউনিয়নে কর্মরত মহল্লাদারদের মধ্য হতে তাদের কর্মতৎপরতা, সততা, দক্ষতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে দফাদার পদে পদোন্নতি প্রদান করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে কর্মরত মহল্লাদারগণের নিকট হতে নির্ধারিত ফরমে মহল্লাদারের পদ হতে দফাদার পদে পদোন্নতির জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নম্বর | পদের নাম | সংখ্যা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১) | ১নং কিশোরগাড়ী | - | দফাদার | ১ (এক)টি | পদোন্নতির মাধ্যমে |
| ২) | ৮নং মনোহারপুর | - | দফাদার | ১ (এক)টি | পদোন্নতির মাধ্যমে |

(ক) প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নে মহল্লাদার পদে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর বিধি ৫(১) তফসিল-১ এর বিধানাবলী এবং ১২ জুলাই, ২০১৬ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-২২৭-আইন/২০১৬ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ তফসিল-১ (সংশোধিত) পদোন্নতির ক্ষেত্রে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী হতে হবে।

(খ) নির্ধারিত আবেদন ফরম পুরণ করে আগামী ২৭/০৭/২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে।

(গ) আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন সময়ে বিনা খরচে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র জমা দিতে হবে।

১৩/০৭/২০২৬
(আমিনুল ইসলাম বুলবুল)
উপজেলা নির্বাহী অফিসার
পলাশবাড়ী, গাইবান্ধা
ফোন ঃ ০২-৫৮৮৮৭৭২৮১
ইমেইল: unopalashbari@mopa.gov.bd

বিতরণ (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে ):-

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা।
৩। অফিসার ইনচার্জ, পলাশবাড়ী থানা, পলাশবাড়ী, গাইবান্ধা।
৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি, পলাশবাড়ী, গাইবান্ধা।
৫। চেয়ারম্যান, কিশোরগাড়ী/মনোহরপুর ইউনিয়ন পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।
৬। ইউপি প্রশাসনিক কর্মকর্তা, কিশোরগাড়ী/মনোহরপুর ইউনিয়ন পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে লটকিয়ে জারী করতঃ ইউনিয়ন পরিষদে কর্মরত সকল মহল্লাদারকে প্রদান করে প্রাপ্তি স্বীকারপত্রসহ ইউনিয়ন পরিষদে কর্মরত মহল্লাদারগণের গ্রেডেশন তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৭। জনাব ........................ ....................................................., মহল্লাদার (সংশ্লিষ্ট ইউপি), কিশোরগাড়ী/মনোহরপুর ইউনিয়ন পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।